যুগান্তর

APR. 24 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ... ৫

চবি শিক্ষক সমিতি নির্বাচন

# সাদা প্যানেলের বিপুল বিজয়

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে বিগত দু'দশকের মধ্যে বিএনপি ও জামায়াতপন্থী সাদা দল এবার বিপুলভাবে বিজয়ী হয়েছে। গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত নির্বাচনে ১১টি

বিপুল : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## বিপুল : বিজয়

(শেষ পৃষ্ঠার পর)

পদের মধ্যে তারা সভাপতিসহ আটটি পদে বিজয়ী হয়েছে। অন্যদিকে মুক্তিযুদ্ধের সপক্ষের দুটি দলের মধ্যে গোলাপী দল থেকে সাধারণ সম্পাদকসহ দুজন সদস্য নির্বাচিত হয়েছেন। নীল দলের কেউ জয়ী হননি।

সাদা দলের প্রফেসর ড. হাসান মোহাম্মদ সভাপতি এবং গোলাপী দলের মহীবুল আজিজ সাধারণ সম্পাদক পদে জয়ী হয়েছেন। সাদা দলের অন্য বিজয়ীরা হলেন– সহ-সভাপতি প্রফেসর জাহিদ হোসেন সিকদার, কোষাধ্যক্ষ মনছুর উদ্দিন আহমদ, যুগ্ম সম্পাদক একেএম হারুন-অর-রশীদ, সদস্য প্রফেসর এম ইমদাদুল হক, প্রফেসর আবদুন নূর, প্রফেসর একেএম আবদুল মতিন ও মোজাফফর আহমদ চৌধুরী।

গোলাপী প্যানেলে সদস্য পদে বিজয়ীরা হলেন প্রফেসর মঈনুল ইসলাম ও প্রফেসর ইফতেখার উদ্দিন চৌধুরী। মোট ৫৫৭ জন শিক্ষকের মধ্যে ৪৩৬ জন ভোট প্রদান করেন। সর্বোচ্চ ভোট পান সাদা দলের সদস্য পদে বিজয়ী প্রফেসর এম ইমদাদুল হক, দ্বিতীয় সর্বোচ্চ ভোট পান গোলাপী দলের সদস্য পদে বিজয়ী প্রফেসর মঈনুল ইসলাম।

এক বছর আগে স্বাধীনতার সপক্ষের বলে দাবিদার গোলাপী দল ভেঙে কট্টর আওয়ামী লীগপন্থীরা নীল দল গঠন করেন। গতকালের নির্বাচনে তারা কোন পদে জয়ী না হলেও প্রত্যেক পদে গড়ে দেড়শ' ভোট পেয়েছেন। মূলত তাদের শক্ত প্রতিদ্বন্দ্বিতার ফলেই গোলাপী দলের ভরাডুবি ঘটে। নীল দলের সাধারণ সম্পাদক প্রার্থী হেলাল উদ্দিন নিজামী মাত্র ৩ ভোটের ব্যবধানে হেরে যান। বিগত দু'দশক ধরে বিএনপি ও জামায়াতপন্থী সাদা দল স্বাধীনতার সপক্ষ দলের কাছে অব্যাহতভাবে পরাজিত হয়ে আসছিল। কিন্তু আওয়ামীপন্থী ও বামপন্থীদের মধ্যে নানা বিষয়ে মতপার্থক্য প্রকাশ্য রূপ নিলে গত বছর গোলাপী দল থেকে আওয়ামীপন্থীরা বেরিয়ে এলে সাদা দলের বিজয়ের পথে সব বাধা দূর হয়। নির্বাচনের আগে নীল দল একাধিকবার গোলাপীর সঙ্গে সমঝোতার চেষ্টা করেও ব্যর্থ হয়।